# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১০৬৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ১০৬৯]

পর্ব-১২: তাত্বীক্ব (রুকূ’তে দু' হাত হাঁটুদ্বয়ের মাঝে স্থাপন) করা (كتاب التطبيق)

পরিচ্ছেদঃ ২৫: রুকূ হতে দাঁড়িয়ে যা বলবে

بَاب مَا يَقُولُ فِي قِيَامِهِ ذَلِكَ

আরবী

أَخْبَرَنِي عَمْرُو بْنُ هِشَامٍ أَبُو أُمَيَّةَ الْحَرَّانِيُّ، قال: حَدَّثَنَا مَخْلَدٌ، عَنْ سَعِيدِ بْنِ عَبْدِ الْعَزِيزِ، عَنْ عَطِيَّةَ بْنِ قَيْسٍ، عَنْقَزَعَةَ بْنِ يَحْيَى، عَنْ أَبِي سَعِيدٍ، أَنّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: كَانَ يَقُولُ حِينَ يَقُولُ: سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ رَبَّنَا لَكَ الْحَمْدُ مِلْءَ السَّمَوَاتِ وَمِلْءَ الْأَرْضِ وَمِلْءَ مَا شِئْتَ مِنْ شَيْءٍ بَعْدُ أَهْلَ الثَّنَاءِ وَالْمَجْدِ خَيْرُ مَا قَالَ: الْعَبْدُ وَكُلُّنَا لَكَ عَبْدٌ لَا مَانِعَ لِمَا أَعْطَيْتَ وَلَا يَنْفَعُ ذَا الْجَدِّ مِنْكَ الْجَدُّ .

تخریج دارالدعوہ: صحیح مسلم/الصلاة ۴۰ (۴۷۷)، سنن ابی داود/الصلاة ۱۴۴ (۸۴۷)، (تحفة الأشراف: ۴۲۸۱)، مسند احمد ۳/۸۷، ۷۱ (صحیح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1069 ـ صحيح

বাংলা

১০৬৮. আমর ইবনু হিশাম আবূ উমাইয়্যাহ্ আল হাররানী (রহ.) ..... আবূ সাঈদ (রাঃ) হতে বর্ণিত। রাসূলুল্লাহ (সা.) যখন “সামি আল্ল-হু লিমান হামিদাহ” বলতেন, তখন বলতেন-
“রব্বানা লাকাল হামদু মিলআস্ সামাওয়াতি ওয়া মিলআল আরযি ওয়া মিলআ মা- শি’তা মিন শাইয়িন বা’দু আহলাস্ সানা-য়ি ওয়াল মাজদি খয়রু মা- ক-লাল বাদু ওয়া কুল্লুনা- লাকা ’আবদুল লা- মানি’ আ লিমা- আত্বয়তা ওয়ালা- ইয়ানফা’উ যাল জাদ্দি মিনকাল জাদ্দ।”
(হে আমাদের রব! তোমারই জন্য সকল প্রশংসা। আসমানসমূহ ভর্তি, জমিন ভর্তি এবং তদুপরি তুমি আরো যা চাও তাও ভর্তি তোমার প্রশংসা। হে প্রশংসা ও গৌরবের অধিকারী! বান্দার সবচেয়ে উত্তম কথা আর আমরা প্রত্যেকেই তোমার বান্দা, তুমি যা প্রদান কর তা রোধ করার কারো সাধ্য নেই। আর ধনবানের ধন তোমার

'আযাব থেকে মুক্তি পেতে কোন উপকারে আসবে না।)।

## English

25. What Is To Be Said When Standing Up (After Bowing)

It was narrated from Abu Sa'eed that: The Messenger of Allah (ﷺ) used to say: Sami Allahu liman hamidah, Rabbana wa lakal-hamd, mil'as-samawati wa mil'al-ardi wa mil'ama shi'ta min shai'in ba'd. Athlath-thana'i wal-majdi khairu ma qalal-'abdu wa kulluna laka 'abdun la mani'a lima a'taita wa la yanfa'u dhal-jaddi minkal-jadd (Allah hears the one who praises Him; Our Lord, to You be the Praise, filling the heavens, filling the Earth, and filling whatever else You will, Lord of Glory and Majesty, the truest thing a slave had said, and we are all slaves to You. None can withhold what You grant, nor can the possession of an owner benefit him before You.)

### ফুটনোট

সহীহ: মুসলিম ৪৭৭, আবু দাউদ ৮৪৮।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 󰀀 বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87442

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন